Any person who acquires Shares and becomes Member of the Company after the dispatch of the EGM Notice and holds shares as on the cut-off date may use the existing User ID and password if they are already registered with NSDL for e-voting or follow the detailed procedure mentioned in EGM Notice or may obtain the User ID and password by sending request at evoting@nsdl.co.in or call at toll free no.: 1800 1020 990 and 1800 22 44 30.

The manner of casting votes through remote e-voting or through e-voting during the EGM for members holding shares in dematerialised mode, physical mode, and for members who have not registered their e-mail address, is provided in the Notice of EGM.

The members who have not registered their e-mail addresses are requested to register the same in respect of shares held in dematerialized form with the respective Depository Participant and in respect of shares held in physical form by sending an e-mail request to Company's RTA along with signed scanned copy of the request letter providing email address, mobile number, self-attested copy of PAN Card and copy of share certificate, or by following the process provided in the Notice of EGM.

Members are provided with a facility to attend the EGM through electronic platform provided by NSDL. Members are requested to visit https://www.evoting.nsdl.com and access the shareholders'/members' login by using the remote e-voting credentials provided to them.

In case of any queries, you may refer the Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholders available at the download section of www.evoting.nsdl.com or call on toll free no.: 1800 1020 990/1800 22 44 30 or send a request to Ms. Sarita Mote at evoting@nsdl.co.in

**For DCW Limited**
**Sd/-**
**Dilip Darji**
**Sr. General Manager (Legal) & Company Secretary**
**ACS -22527**

Place: Dhrangadhra
Date: March 09, 2022

# এনআরজিএস প্রকল্পের বিল সময়মতো না পেয়ে পঞ্চায়েত দপ্তরের এক আধিকারিককে মারধর যুবকের



দুরন্তবার্তা, মালদা, ৯ মার্চ ঃ এনআরজিএস প্রকল্পের বিল সময়মতো না পেয়ে পঞ্চায়েত দপ্তরের এক আধিকারিককে সপাটে চড় মারার অভিযোগ উঠলো সংশ্লিষ্ট এলাকার এক পঞ্চায়েত সদস্যার ছেলের বিরুদ্ধে। শুধু চড় মেরে থেমে থাকেন নি ওই জনপ্রতিনিধির দাপুটে ছেলে। সকলের সামনে পঞ্চায়েতের ওই আধিকারিককে মাটিতে ফেলে ঘুষি, লাথি মারা হয় বলে অভিযোগ। এরপর সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতে কর্তৃপক্ষের অন্যান্যদের হস্তক্ষেপে কোনরকমে প্রাণে বাঁচেন ওই গ্রাম পঞ্চায়েতের আধিকারিক। তাঁকে চিকিৎসার জন্য ভর্তি করানো হয়েছে হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে। বুধবার চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর থানার মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতে। এই ঘটনায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের গ্রাম উন্নয়ন আধিকারিক পার্থদেব উপাধ্যায় সংশ্লিষ্ট থানায় মৌখিকভাবে অভিযোগ জানিয়েছেন। পুরো বিষয়টি খোঁজ নিয়ে দেখার আশ্বাস দিয়েছে পুলিশ। এদিকে এই ঘটনার ব্যাপারে তৃণমূল পরিচালিত মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ মুখে কুলুপ এঁটেছে। মুখ খুলতে চাইছে না কেউ। ঘটনাটি শোনার পর হরিশ্চন্দ্রপুরের তৃণমূল নেতা তথা দলের জেলা সাধারণ সম্পাদক জম্মু রহমান জানিয়েছেন, ঘটনাটি আমি শুনেছি। কি কারণ এই ঘটনাটি হয়েছে অবশ্যই সেটি দলগতভাবে খোঁজ নিয়ে দেখা হচ্ছে। ক্ষমতায় থেকে যদি কেউ অন্যায় করে থাকে তার বিরুদ্ধে অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা নেবে দল।

বিজেপির হরিশ্চন্দ্রপুর বিধানসভার কো-কনভেনার দীপক ঋষি জানিয়েছেন, এতদিন সাধারণ মানুষ মার খাচ্ছিল, এখন সরকারি আধিকারিকরাও মার খাচ্ছে। এই ধরনের অন্যায় কোনভাবে বরদাস্ত করা উচিত নয় পুরো বিষয়টি নিয়ে তীব্র প্রতিবাদ জানাচ্ছে স্থানীয় বিজেপি নেতৃত্ব। স্থানীয় পঞ্চায়েত সূত্রে জানা গিয়েছে, মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতে এনআরজিএস প্রকল্পের বিল আটকে রাখা হয়েছে দীর্ঘদিন ধরে বলে অভিযোগ উঠে আসছিল। ওই পঞ্চায়েতের অধীনে ঠিকাদার হিসেবে কাজ করে পঞ্চায়েত সদস্যা হাসিনা বিবির ছেলে হাসিদুল শেখ। আর এই বিল আটকে রাখা নিয়ে হাসিদুলের সঙ্গে বচসা জড়িয়ে পড়েন পঞ্চায়েতের কর্মরত এক আধিকারিক। বুধবার ওই পঞ্চায়েতে আধিকারিক পার্থদেব উপাধ্যায়ের ওপর চড়াও হয় পঞ্চায়েত সদস্যার ছেলে হাসিদুল শেখ বলে অভিযোগ। সেই সময় ধাক্কাধাক্কি করা হয় ওই আধিকারিককে। এদিকে বিষয়টি জানাজানি হতেই হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে ছুটে আসেন হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের জয়েন্ট বিডিও বিপ্লব ঘোষ। এছাড়াও পঞ্চায়েত প্রধান জয়নব নেশা এবং হরিশ্চন্দ্রপুর থানার পুলিশও। আহত আধিকারিকের সঙ্গে দেখা করেন এবং কথা বলেন। মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারি মহম্মদ আনিসুর রহমান বলেন, এনআরজিএস প্রকল্পের মাস্টাররোল নিয়ে একটা সমস্যা হয়েছিল। তর্কাতর্কি হয়েছিল। কিন্তু কোন হাতাহাতি হয়নি। ওই আধিকারিক অসুস্থবোধ করায় হাসপাতালে নিয়ে আসা হয়েছে। মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান জয়নব নেশা অবশ্য সমগ্র বিষয়টি এড়িয়ে গিয়েছেন। হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের জয়েন্ট বিডিও বিপ্লব ঘোষ বলেন, পঞ্চায়েতের এক আধিকারিকের অসুস্থ হওয়ার ফলে তাকে দেখতে এসেছিলাম। কি হয়েছে বা কেন হয়েছে আমি কিছু বলতে পারব না।

# পরীক্ষার্থীদের সুবিধার্থে যানজট সামলাতে রাস্তায় তৃণমূল ছাত্র পরিষদের নেতা- কর্মীরা



দুরন্তবার্তা, মালদা, ৯ মার্চ ঃ মালদা, ৮ মার্চ। পরীক্ষা কেন্দ্রে যেতে মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতে কোনো রকম সমস্যায় পড়তে না হয়, তার জন্য সকাল থেকে যানজট সামলাতে রাস্তায় নামলো যুব তৃণমূল এবং তৃণমূল ছাত্র পরিষদের নেতা-কর্মীরা। বুধবার মাধ্যমিক পরীক্ষার তৃতীয় দিনে পুরাতন মালদা পুরসভার মঙ্গলবাড়ী চৌরঙ্গী মোড় এলাকায় ছিল তীব্র যানজট। আর সেই পরিস্থিতি দেখে রীতিমতো হতবাক হয়ে যান সংশ্লিষ্ট এলাকার তৃণমূল নেতৃত্ব। ট্রাফিক পুলিশের সহযোগিতা নিয়ে মঙ্গলবাড়ী এবং চৌরঙ্গী মোড় এলাকার ৩৪ নম্বর জাতীয় সড়কের সমস্ত দিকে সেই যানজট পরিস্থিতি সামলাতে রাস্তায় রীতিমতো অভিযান চালান স্থানীয় যুব তৃণমূল নেতৃত্ব। পাশাপাশি মাধ্যমিক পরীক্ষার্থীদের মনোবল চাঙ্গা করতে জলের বোতল, কলম এবং চকলেট দিয়েও সহযোগিতা করে স্থানীয় যুব তৃণমূল এবং তৃণমূল ছাত্র পরিষদ নেতৃত্ব। পুরাতন মালদা ব্লক যুব তৃনমূলের সভাপতি শ্রবণ গাঙ্গুলি বলেন, মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতে নিজেদের পরীক্ষা কেন্দ্রে যেতে কোনো সমস্যা না হয়, তার জন্য এদিন সকাল থেকে যানজট সামলাতে সংগঠনের কর্মীরা রাস্তায় নেমেছিলেন। পরীক্ষা শুরুর সময় দুপুর বারোটা। আর সেই বারোটা পর্যন্ত রাস্তায় দাঁড়িয়ে ট্রাফিক পুলিশের সহযোগিতা নিয়ে আমরা যানজটের তদারকি করেছি। পাশাপাশি মাধ্যমিক পরীক্ষার্থীদের মনোবল চাঙ্গা করতে তাদের জলের বোতল, কলম এবং চকলেট দেওয়া হয়েছে। প্রত্যেক পরীক্ষার্থী যাতে ভালোভাবে পরীক্ষা দিতে পারেন এবং সকলে যাতে ভালো ফল করেন সেই আশাই রাখছি। তবে যানজট পরিস্থিতিতে এদিন স্থানীয় তৃণমূল নেতৃত্বের সঙ্গে ট্রাফিক পুলিশ কর্তাদের যথেষ্ট সহযোগিতা মিলেছে।

# বিধ্বংসী অগ্নিকান্ডে ভস্মীভূত হয়ে গেল প্রায় ২৫ টি ফলের দোকান, ক্ষতির পরিমাণ প্রায় ৫০ লক্ষ টাকা



দুরন্তবার্তা, মালদা, ৯ মার্চ ঃ বিধ্বংসী অগ্নিকান্ডে পুড়ে ছারখার হয়ে গেল প্রায় ২৫ টি ফলের দোকান। ক্ষতির পরিমাণ প্রায় ৫০ লক্ষ টাকা বলে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা দাবি করে জানিয়েছেন। বুধবার ভোররাতে এই অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটেছে কালিয়াচক থানার চৌরঙ্গী এলাকার ফল বাজারে। সংশ্লিষ্ট এলাকার ৩৪ নম্বর জাতীয় সড়কের এক পাশে রয়েছে কালিয়াচক ফল বাজার। আর সেখানে এদিন কাকভোরে আচমকাই এই অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। চোখের সামনে দাউ দাউ করে আগুনে পুড়ে নষ্ট হয়ে যেতে দেখেন নিজেদের ফলের দোকান। আর তাতেই কান্নায় ভেঙে পড়েন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা। তাঁদের বক্তব্য, কিভাবে এই ঘটনাটি ঘটলো কিছুই বুঝতে পারছি না। তবে এ ঘটনার পিছনে কোন ষড়যন্ত্র রয়েছে বলেও অভিযোগ ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের। তাঁদের বক্তব্য, একেকটি দোকানে ৩ থেকে ৪ লাখ টাকার ফলসহ নানান সামগ্রী ছিল। একসঙ্গে পরপর ২৫ টি দোকান পুড়ে ছারখার হয়ে গিয়েছে। এদিকে এই অগ্নিকাণ্ডের ঘটনার পর কালিয়াচকের ওই ফল বাজারে মালদা শহর থেকে পৌঁছায় দমকলের দুটি ইঞ্জিন। কয়েক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা তাঁদের ক্ষতিপূরণের দাবিতে সংশ্লিষ্ট এলাকার পঞ্চায়েত এবং প্রশাসনের কাছে আবেদন জানিয়েছেন।

এদিন ক্ষতিগ্রস্ত ফল ব্যবসায়ী আমিনুল শেখ, বদিরুদ্দীন শেখদের বক্তব্য, ভোর তিনটে নাগাদ জানতে পারি কালিয়াচকের ফল বাজারে বীভৎস আগুন লেগেছে। কাকভোরে আমরা একে অপরকে ফোন করে ফল বাজারে ছুটে যাই। চোখের সামনেই সমস্ত দোকানগুলো পুড়ে নষ্ট হয়ে যায়। আমাদের অনুমান এই ঘটনার পিছনে কোন মাদক কারবারীরা যুক্ত রয়েছে। এই ফল বাজার এলাকায় বেশ কিছুদিন ধরে মাদক কারবারীদের বেআইনিভাবে ঠেক চলছিল। তার বিরুদ্ধে কিছু ফল ব্যবসায়ী প্রতিবাদ করেছিলেন। হয়তো সেই কারণে মাদক কারবারীদের কেউ বা কারা এই ফল বাজারে আগুন ধরিয়ে দিয়েছে। মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্সের সভাপতি জয়ন্ত কুন্ডু বলেন, কালিযাচকের ফল বাজারে অগ্নিকাণ্ডের ঘটনার খবর শুনেছি বিষয়টি অত্যন্ত দুঃখজনক বুধবার ওই এলাকায় সংগঠনের একটি প্রতিনিধিদল যাবে তারা ব্যবসায়ীদের সঙ্গে কথা বলবে এই ঘটনার পেছনে কোনো ষড়যন্ত্র রয়েছে কিনা সেটিও আমরা সংগঠনের পক্ষ থেকে প্রশাসনকে জানাবো।

কালিয়াচক থানার পুলিশ জানিয়েছে, ব্যবসায়ীদের দাবি তাদের ৫০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্ত ফল ব্যবসায়ীদের অভিযোগের পরিপ্রেক্ষিতে পুরো বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। কারণ দমকলের তদন্তকারী কর্তারা এখানে শর্ট সার্কিট থেকে আগুন লাগার বিষয় পরিস্কার করে কিছু জানাতে পারে নি। ফলে এই ব্যাপারে কোন ষড়যন্ত্র রয়েছে কিনা সেটিও তদন্ত করে দেখা হচ্ছে। আশেপাশে কোন সিসি ক্যামেরা রয়েছে কিনা সেটিও খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

# চন্দ্রকোণায় ঋণের বোঝায় জেরবার হয়ে আত্মঘাতী কৃষক

দুরন্তবার্তা, চন্দ্রকোণা, ৯ মার্চ ঃ পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণায় আত্মঘাতী আরও এক চাষী। একদিকে চাষের ব্যাপক ক্ষতি। অন্যদিকে লাগাতার ব্যাঙ্কের ঋণ শোধের নোটিশ পেতে-পেতে মানসিক ভাবে ক্লান্ত হয়ে পড়েছিলেন। এরপরই তিনি আত্মহত্যার পথ বেছে নেন। জানা গেছে, মৃতের নাম রবীন্দ্রনাথ চক্রবর্তী। চন্দ্রকোণার যদুপুরের বাসিন্দা তিনি। চলতি মরসুমে প্রাকৃতিক দুর্যোগের কারণে দু'দফায় ব্যাপক ক্ষতি হয়েছে আলুচাষে। তার উপরে ব্যাঙ্ক থেকে চাষের জন্য কয়েক হাজার টাকা লোন নিয়েছিলেন চাষে ক্ষতির কারণে ব্যাঙ্ক থেকে বারবার নোটিশ দিলেও লোন পরিশোধ করতে পারেননি তিনি। যা ঘিরে দিনকয়েক ধরেই চরম মানসিক অবসাদে ভুগছিলেন। অবশেষে মঙ্গলবার রাতে বাড়ির থেকে বেরিয়ে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে নিয়ে যায় চন্দ্রকোণা গ্রামীণ হাসপাতালে। অবস্থার অবনতি হলে তাঁকে প্রথমে স্থানান্তরিত করা হয় ঘাটাল সুপার স্পেশালিটি হাসপাতালে। পরে স্থানান্তরিত করা হয় মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে। চিকিৎসারত অবস্থাতেই বুধবার ভোরে মৃত্যু হয় ষাটোর্ধ্ব ওই কৃষকের। পরিবারের সদস্যদের দাবি, দেনার দায়েই কার্যত আত্মঘাতী হতে হল তাঁকে। ইতিমধ্যেই ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

# মন্দির থেকে রুপোর বাঁশি ও বহুমূল্য অলঙ্কার চুরি ঘিরে চাঞ্চল্য

দুরন্তবার্তা, নবদ্বীপ, ৯ মার্চ ঃ মন্দিরে দুঃসাহসিক চুরির ঘটনায়.তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হল নদীয়ার নবদ্বীপে। জানা গিয়েছে, নবদ্বীপ পুরসভার মণিপুর ঘাট রোড এলাকায় তিনকড়ি গোস্বামীজীর রাধামাধব মন্দিরের পুজারী বুধবার ভোরে মন্দির খুলতে এসে দরজার তালা ভাঙা অবস্থায় দেখতে পেয়ে খবর দেন মন্দির কর্তৃপক্ষকে। মন্দিরে এসে পৌঁছান তিনকড়ি গোস্বামীজীর পরিবারের সদস্য ও স্থানীয় বাসিন্দারা। অভিযোগ, মঙ্গলবার গভীর রাতে মন্দিরের দরজার তালা ভেঙে প্রতিষ্ঠিত বিগ্রহের বহুমূল্যের সোনা ও রুপোর গহনা-সহ বিগ্রহের হাতের রুপোর বাঁশি চুরি করে নিয়ে যায় দুস্কৃতীরা। পরে অন্য একটি বাঁশি দেওয়া হয় বিগ্রহের হাতে। চুরির ঘটনা জানাজানি হতেই তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয় এলাকায়। দুস্কৃতীর খোঁজ করছে পুলিশ।

# নদীয়া গয়েশপুর পুরসভার জল খেয়ে অসুস্থ একাধিক মানুষ, উত্তেজনা

দুরন্তবার্তা, নদীয়া, ৯ মার্চ ঃ পৌররসভার জল নয়, প্রান বাঁচাতে বাজারের কেনা জলই ভরসা গয়েশপুর বাসীর। কল্যানীর পর এবার নদীয়ার গয়েশপুরে জল খেয়ে অসুস্থ হচ্ছে একাধিক মানুষ। কিছুদিন আগেই নদীয়ার কল্যাণীতে বেশ কিছু জায়গায় জল খেয়ে অসুস্থ হয়ে যাচ্ছিল একের পর এক সাধারন মানুষ, ঠিক সেরকমই এবার কল্যাণীর পার্শ্ববর্তী এলাকা কল্যাণী গয়েশপুর এলাকায় পৌরসভার বিতরণ করা জল খেয়ে অসুস্থ একাধিক স্থানীয় বাসিন্দা। এই ঘটনায় স্থানীয় বাসিন্দারা জানায় পৌরসভার সরবরাহ করা পানীয় কলের জল খেয়ে অসুস্থ হয়ে পড়ছি, সাধারণ মানুষের পেট খারাপ বমি হচ্ছে এই জল খেয়ে। তাই এখন বাজার থেকে কেনা জলই ভরসা গয়েশপুর বাসীর, এই নিয়ে পৌর এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পরে। এই বিষয়ে পৌরসভার আধিকারিক বলেন আমি শুনেছি, তবে যতদূর খবর কল্যাণী থেকে এই জলের সমস্যার সূত্রপাত, কল্যাণীতে জলের ফিল্টার চেঞ্জ করা হচ্ছে সেটি ঠিক হয়ে গেলেই আশা করা যাচ্ছে সমস্ত সমস্যার সমাধান হবে। তবে পৌর নাগরিকদের এই সময়ে জল ফুটিয়ে খাওয়ার জন্য আবেদন করবো, এবং বিষয়টি খোঁজ নিয়ে দেখবো যাতে তাড়াতাড়ি এই সমস্যার সমাধান করা যায়।

# প্রায় এক মাস পর মাটি থেকে তুলে দ্বিতীয়বার ময়নাতদন্তের জন্য দেহ আনা হল হাসপাতালে




দুরন্তবার্তা, জলপাইগুড়ি, ৯ মার্চ ঃ প্রায় এক মাস পর মাটি খুঁড়ে মৃত তরুণী মৃতদেহ তুলে দ্বিতীয়বার ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে আসা হয়। পরিবারের অভিযোগ তরুণীকে শারীরিক নির্যাতন করে খুন করা হয়েছে। পরিবারের বিশ্বাস ময়নাতদন্তে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সুস্পষ্ট রিপোর্ট পাওয়া যাবে ও অভিযুক্ত উপযুক্ত শাস্তি পাবে। প্রসঙ্গত উল্লেখ্য, গত ২৫ জানুয়ারি জলপাইগুড়ি জেলার অন্তর্গত মালবাজার ব্লকের মানাবাড়ি চা বাগানের বাসিন্দা ১৬ বছরের এক কিশোরী আত্মীয়ের বিয়েতে যায়। কিছুক্ষন পর আর তাকে খুঁজে পাওয়া যায় না। গত ২৫ জানুয়ারি আত্মীয়র বাড়িতে বিয়ের অনুষ্ঠানে এসেছিলো ১৬ বছরের গিন্নি বিশ্বকর্মা। ২৫ তারিখ রাতে বিয়ে বাড়ি থেকেই নিঁখোজ হয় যায় দশম শ্রেণীর ছাত্রী গিন্নি। তারপর বহু খোঁজাখুজি করেও গিন্নি বিশ্বকর্মার কোন খোঁজ পায় না পরিবার। অবশেষে ২৭ তারিখ দুপুরে পরিবার জানতে পারে, ২৬ জানুয়ারী ওদলাবাড়ি রেল লাইনের কাছ থেকে একটি মৃতদেহ উদ্ধার করে রেল পুলিশ। পরে জানা যায় সেই মৃতদেহ গিন্নি বিশ্বকর্মার। তবে পরিবারের অভিযোগ গিন্নিকে খুন করা হয়েছে। অভিযোগের তীর মাল ব্লকের ওদলাবাড়ির হঠাৎ কলোনীর কিশোর রাহুল রায়ের (১৭) বিরুদ্ধে। এই ঘটনার তদন্ত শুরু করেছে জিআরপি ও মালবাজার থানার পুলিশ। তিনি জানান, এই এলাকায় এই ধরনের ঘটনা ঘটেনি, এই ঘটনায় এলাকায় আতংক রয়েছে, আমি শুনলাম সন্দেহ করা হচ্ছে মেয়েটিকে ধর্ষণ করেই খুন করা হয়েছে, এখন ময়না তদন্তের রিপোর্ট আসেনি, রিপোর্ট না আসা পর্যন্ত বিষয়টি পরিস্কার হচ্ছে না, এখন পর্যন্ত একজন ধরা পরেছে, আমি এসপি কেও বলেছি, এবং জিআরপি কেও বলবো দোষীদের খুঁজে বার করতে হবে।

# মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু দুই যুবকের, আশঙ্কাজনক একজন

দুরন্তবার্তা, নদীয়া, ৯ মার্চ ঃ নদীয়ার কৃষ্ণগঞ্জের চৌগাছার তিন বন্ধু গত কাল রাত্রি বেলায় কালী পুজো উপলক্ষ্যে বেড়াতে যায়। আনুমানিক রাত্রি ১১ টা নাগাদ কালী পুজোর পর ঐ বাড়ি থেকে ফিরছিল নিজ বাড়িতে। সেই সময় চৌগাছা ডাকতে গাড়ির মাঠে কালভাট এর দীর্ঘ দিন গর্ত হয়ে পড়ে থাকায় অসাবধানতা বসত কালভার্টের গর্তের মধ্যে মোটর সাইকেল নামিয়ে দেয়। মোটর সাইকেলের তিন বন্ধু। গর্তের মধ্যে পড়ে কাতরাতে থাকে। পথ চলতি মানুষ তাদের গুঙানোর আওয়াজ শুনে ছুটে আসে। কৃষ্ণগঞ্জ থানায় খবর দেওয়া হয়। কৃষ্ণগঞ্জ থানার আই সি বাবিন মুখার্জি ঘটনাস্থলে গিয়ে পুলিশ ও স্থানীয় মানুষের সহতাই গর্তের মধ্যে থেকে তিন জনকে তুলে নিয়ে আসে কৃষ্ণগঞ্জ গ্রামীণ হাসপাতালে। কৃষ্ণগঞ্জ গ্রামীণ হসপিটালের চিকিৎসক সুজয় মণ্ডল ও চিরঞ্জিত লোহার কে মৃত বলে ঘোষণা করেন। ওপর বন্ধু রনি বাগ এর অবস্থা আশঙ্কা জনক হওয়ায় কৃষ্ণগঞ্জ গ্রামীন হসপিটাল থেকে শক্তিনগর জেলা হসপিটালে আই সি বাবিন মুখার্জির তপরতায় পাঠানো হয়। চৌগাছা গ্রামে দুই বন্ধুর মৃত্যু ও একজন আহত হওয়ায় এলাকায় শোকের ছায়া। এলাকা বাসীদের দাবি দীর্ঘ দুই বছর ধরে কালভার্টের জন্য গর্ত খুঁড়ে রাখা হলেও কাজ শেষ না করাই প্রতি নিয়তই দুর্ঘটনা ঘটছে। প্রসাশনের ভূমিকা প্রশ্ন চিহ্নের মুখে। এলাকাবাসী আরো দাবি করেন পিডব্লুডি এর গাফিলতির জন্যই মরণ ফাঁদে পড়তে হচ্ছে সাধারণ মানুষকে। যার ফলে অকালে প্রাণ যাচ্ছে অনেক মানুষের। এখন দেখার বিষয় এই ঘটনার পরে প্রশাসনের হুঁশ ফেরে কিনা। সেই দিকেই তাকিয়ে রয়েছে এলাকাবাসী।

# দাসপুরে দুর্ঘটনায় পঞ্চম শ্রেণির ছাত্রীর মৃত্যুতে ক্ষুব্ধ এলাকাবাসী, আহত আরও তিন পড়ুয়া

দুরন্তবার্তা, পশ্চিম মেদিনীপুর, ৯ মার্চ ঃ খানা-খন্দে ভরা রাস্তা। সেই রাস্তা দিয়েই প্রতিদিনের মত সাইকেল চড়ে স্কুল যাচ্ছিল বছর দশের এক ছাত্রী নাতাসা পোড়িয়া। পথে বুধবার দুর্ঘটনায় মৃত্যু হয় ব্রাক্ষ্মণ বসান উচ্চ বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ওই ছাত্রীর। দুর্ঘটনায় আহত হয় আরও তিন পড়ুয়া। পশ্চিম মেদিনীপুরের দাসপুরের কলমিজোড় এলাকার ঘটনা। নিত্যদিনের মতোই সাইকেলে চড়ে যাচ্ছিলেন স্কুল যাচ্ছিল নাতাসা। উল্টো দিক থেকে আসা একটি মেশিন ট্রলি দ্রুত গতিতে এসে পড়ে তার ঘাড়ে। গুরুতর জখম হন পড়ুয়া। সঙ্গে-সঙ্গে তাকে উদ্ধার করে হাসপাতালে ঘাটাল মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করে। দাসপুর থানার পুলিশ গিয়ে ঘাতক ওই ট্রলিটি ও তার চালককে আটক করেছে। ঘটনার পরই ক্ষুব্ধ পরিবার ও এলাকাবাসী বিক্ষোভ দেখাতে শুরু করে। টায়ার, বাঁশ ফেলে পথ অবরুদ্ধ করা হয় রাস্তা। তাঁদের অভিযোগ, বেহাল রাস্তার উপর দিয়েই মেশিন ট্রলির দৌরাত্ম্য বেড়ে চলেছে। যার জেরে এদিন এক পঞ্চম শ্রেণির ছাত্রীর প্রাণ গিয়েছে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে অবরোধ তুলতে গেলে পুলিশের সঙ্গেও বচসায় জড়িয়ে পড়ে অবরোধকারীরা। ঘটনায় রীতিমত উত্তেজনা দেখা দেয় এলাকায়।

# পড়ে বোমার সরঞ্জাম, আতঙ্কে বাসিন্দারা



দুরন্তবার্তা, চাঁচল, ৯ মার্চ ঃ রাজ্য সড়কের উপর ছড়িয়ে ছিটিয়ে বোমা বাধার সরঞ্জাম। বিকট শব্দে ঘুম ভাঙল পাড়া প্রতিবেশীদের। এমনই বোমা বিস্ফোরণের ঘটনায় চাঞ্চল্য ছড়ালো মালদার চাঁচল থানার তিন কিমি অদূরে কলিগ্রাম দোসরকি মোড় এলাকায়। এই ঘটনায় রীতিমতো আতঙ্ক রয়েছে এলাকাবাসী। স্থানীয় সূত্রে জানা গেল, মঙ্গলবার গভীর রাতে রাজ্য সড়কের উপর অর্থাৎ চায়ের দোকান থেকে ১২ ফিট দূরত্বে পরপর দুটি বোমা ফাটিয়েছে দুস্কৃতীরা। বিকট শব্দ পাওয়ার পরে ঘুম ভেঙে ঘর থেকে বাসিন্দারা বেরিয়ে এসে দেখেন সড়কের উপর বোমা ফাটানোর স্পষ্ট চিহ্ন রয়েছে এবং ছড়িয়ে ছিটিয়ে রয়েছে সুতলি ও কৌটার অংশ। কে বা কারা এই ঘটনা ঘটালো হতগ্রস্ত বাসিন্দারা। ঘটনাস্থলে পুলিশ গিয়ে সব কিছু খতিয়ে দেখেছে। ঘটনার তদন্ত শুরু করেছে চাঁচল থানার পুলিশ। এলাকাবাসীর দাবি অবিলম্বে দুস্কৃতিদের চিহ্নিত করে গ্রেফতার করা হোক। গভীররাতে এমন ঘটনায় বেশ আতঙ্কে রয়েছে বাসিন্দারা।

# বেতন বৃদ্ধি সহ নানান দাবিতে চা বাগানগুলিতে আন্দোলন




দুরন্তবার্তা, আলিপুরদুয়ার, ৯ মার্চ ঃ বেতন বৃদ্ধি সহ নানান দাবিতে ডুয়ার্স-তরাই জুড়ে চা বাগানগুলিতে ইতিমধ্যেই আন্দোলনে সামিল হয়েছেন স্টাফ-সাব-স্টাফ জয়েন্ট কমিটি। বুধবার কালচিনি ব্লকের মেচপাড়া বাগানে বেতন বৃদ্ধি সহ বিভিন্ন দাবিতে গেট মিটিং করেন তারা। আন্দোলনকারীরা জানান, 'দীর্ঘ কয়েক বছর ধরে তাদের বেতন বৃদ্ধি হয়নি, এই মূল্যবৃদ্ধির যুগে আমাদের সংসার চালানো সমস্যার হয়ে দাঁড়িয়েছে। আমরা চাই আমাদের বেতন বৃদ্ধি। যাতে আমরা কোনো-মতে ঘর চালাতে পারি।' এছাড়াও তারা জানান, 'আমাদের এসব দাবি মানা না হলে, পরবর্তীতে বৃহত্তর আন্দোলনে ডাক দেব আমরা।' আলিপুরদুয়ার জেলার চিলাপাতা বনাঞ্চল সংলগ্ন মথুরা চা বাগানে তিন দিন ধরে চলছে স্টাফ সাব স্টাফ কর্মীদের অবস্থান বিক্ষোভ। বাগানের স্টাফ ও সাব স্টাফরা বেতন বৃদ্ধির দাবিতে মঞ্চ বেঁধে লাগাতার তিনদিন ধরে বিক্ষোভ অবস্থান করছেন। জানা যায় সকাল ৭.৩০ মিনিট থেকে ৪ ঘন্টা ধরে আপাতত চারদিন এই কর্মসূচি পালন করবেন বাগান কর্মচারীরা। প্রতিদিনের এই কর্মবিরতির মঞ্চ থেকে তারা বেতন দাবি জানিয়ে যাচ্ছেন। যদিও কর্তৃপক্ষ তাদের এই কর্মবিরতি তুলে নেবার অনুরোধ করেছেন, তবুও তারা আগামীকাল পর্যন্ত এই কর্মসূচি চালিয়ে যাবে।

# শিশু কন্যাকে ধর্ষণের চেষ্টায় গ্রেফতার ১

দুরন্তবার্তা, শিলিগুড়ি, ৯ মার্চ ঃ মঙ্গলবার সারা বিশ্ব জুড়ে যেখানে পালিত হচ্ছিল আন্তর্জাতিক নারী দিবস ঠিক সেই দিনই ঘটে গেলো একটি জঘন্য ঘটনা, মাত্র ৫ বছরের এক শিশু কন্যার সাথে ঘটে গেল অমানবিক ঘটনা। ঘটনার সূত্রপাত শিলিগুড়ি সংলগ্ন নিউ জলপাইগুড়ি থানার অন্তর্ভুক্ত বকরাভিটা এলাকায়। সূত্র অনুযায়ী, মঙ্গলবার সন্ধ্যায় এলাকারই এক যুবক মোজাম্মেল হোসেন (রাজা) এলাকারই ৫ বছরের শিশু কন্যাকে ধর্ষণের চেষ্টা করে। শিশুর বাবা সঞ্জীব বর্মণ জানান, তার মেয়েকে খেলার ছলে ডেকে নিয়ে যায় অভিযুক্ত যুবক, এরপর তার সাথে ধর্ষণের চেষ্টা করে। ইতিমধ্যে ঘটনাটি একটি বয়স্ক মহিলার চোখে পড়ে এবং তিনি শিশু কন্যার বাড়িতে খবর দেন। এরপর পরিবারের লোকজন এবং স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে গিয়ে অভিযুক্তকে হাতে নাতে ধরে ফেলে। খবর দেওয়া হয় নিউ জলপাইগুড়ি থানায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্ত কে গ্রেফতার করে থানায় নিয়ে আসে। পরিবার অভিযুক্তর কঠোর শাস্তির দাবি করেছেন। এই ধরনের ঘটনা গুলি আরও একবার সমাজের জন্য প্রশ্ন তুলে দিয়েছে যে, আন্তর্জাতিক নারী দিবসের মানে কি??? যেখানে শিশু থেকে শুরু করে নারী কেউই নিরাপদ নয়। বুধবার অভিযুক্ত কে জলপাইগুড়ি আদালতে পাঠানো হয়েছে।

# ব্যাটারি চুরির কিনারা, ৩টি ব্যাটারি সহ গ্রেফতার ৪ দুস্কৃতি



দুরন্তবার্তা, ফুলবাড়ি, ৯ মার্চ ঃ ফুলবাড়ি সীমান্ত রোড এলাকায় থেকে বোল্ডার বোঝাই গাড়ি থেকে চুরি যাচ্ছিল ব্যাটারি। মাঝে মধ্যই এন জে পি থানায় এমন অভিযোগ জমা পরলেও চুরির কিনারায় মিলছিলো না সাফল্য। কিছুদিন আগেও ফের চুরির ঘটনা ঘটে ফুলবাড়ি সীমান্ত এলাকায়। আমিরুল ইসলাম নামে এক ব্যক্তির গাড়ি থেকে চুরি যায় বেশ কয়েকটি ব্যাটারি। এরপর নিউ জলপাইগুড়ি থানার লিখিত অভিযোগ দায়ের করেন তিনি। সেই অভিযোগের ভিত্তিতে ফের নড়েচড়ে বসে নিউ জলপাইগুড়ি থানার সাদা পোশাকের পুলিশ। শুরু অভিযান। অভিযানে নেমে গত মঙ্গলবার রাতে মেলে সাফল্য, ফুলবাড়ি বর্ডার সংলগ্ন কালাঙ্গিনি এলাকা থেকে তিন জনকে ও বাদলাগজ এলাকা থেকে আরও এক যুবককে গ্রেফতার করে করে পুলিশ। অভিযুক্ত চারজজনের নাম হল আব্দুল রশিদ, তরুণ রায়, দিলীপ রায় ও মোঃ রেজাউল। এদের কাছ থেকে উদ্ধার হয় তিনটি ব্যাটারি। পুলিশ সূত্রে জানা যায়, এরা দীর্ঘদিন থেকেই চুরির কার্যকলাপের সাথে যুক্ত রয়েছে। বুধবার তাদের জলপাইগুড়ি আদালতে তোলা হয়।


**CENTURY EXTRUSIONS LIMITED**
**CIN:** L27203WB1988PLC043705
**Regd Office:** 113, Park Street, 'N' Block, 2nd Floor, Kolkata - 700016
**Website:** www.centuryextrusions.com **E-mail:** secretary@centuryextrusions.com

**NOTICE OF THE EXTRAORDINARY GENERAL MEETING (EGM)**

1. Notice is hereby given that the Extraordinary General Meeting (EGM) of the Members of Century Extrusions Limited will be held on Monday, the 04th day of April, 2022 at 11:00 A.M. Indian Standard Time ("IST"), through Video Conferencing/ Other Audio Visual Means ("VC/OAVM") facility in compliance with the applicable provisions of the Companies Act, 2013 and Rules framed thereunder and the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with General Circular No. 14/2020 dated April 08, 2020, Circular No. 17/2020 dated April 13, 2020, Circular No. 22/2020 dated June 15, 2020, Circular No. 33/2020 dated September 28, 2020, Circular No. 39/2020 dated December 31, 2020 and Circular No. 10/2021 dated 23rd June, 2021 and General Circular No. 20/2021 dated December 8, 2021 issued by the Ministry of Corporate Affairs ("MCA Circulars") and all other relevant circulars issued from time to time and Circular No. SEBI/HO/CFD/CMDI/ CIR/P/2020/79 dated 12th May 2020 as amended by Circular No.SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 dated January 15, 2021 issued by the Securities and Exchange Board of India ("SEBI Circular"), without the physical presence of the Members at the EGM Venue.
2. The Notice of the EGM of the Company will be sent only by email to all those Members, whose email addresses are registered with the Company or with the Company's Registrar and Share Transfer Agent, namely CB Management Services (P) Ltd. ("RTA") or with their respective Depository Participants ("Depository"), in accordance with the MCA Circulars and the SEBI Circulars. Members can join and participate in the EGM of the Company through Video Conferencing/ Other Audio Visual Means ("VC/OAVM") facility only. The instructions for joining the EGM of the Company and the manner of participation in the remote electronic voting system or casting vote through the e-voting system during the EGM of the Company will be provided in the Notice of the EGM. Members participating through the ("VC/OAVM") facility shall be counted for the purpose of reckoning the quorum under Section 103 of the Companies Act, 2013. The Notice of the EGM of the company will also be available on website of the company, viz, www.centuryextrusions.com and the website of the Stock Exchanges namely National Stock Exchange of India Limited (NSE) at www.nseindia.com and, Bombay Stock Exchange Limited (BSE) at www.bseindia.com respectively as well as on the website of the Central Depository Services (India) Limited (CDSL) the agency for providing our remote electronic voting at www.evotingindia.com.
3. Members holding shares in physical form who have not registered their email addresses with the company/Company's RTA, can get the same registered, can cast their votes through remote e-voting or through the e-voting system during the meeting and can obtain notice of the EGM of the company and/or login details for joining the EGM of the Company through ("VC/OAVM") facility including e-voting, by sending a scanned copy of the following documents by the email to the company's RTA's email id; rta@cbmsl.com;
   a. A signed request letter mentioning your Name, Folio Number and complete Address;
   b. Self - attested scanned copy of PAN Card;
   c. Self - attested scanned copy of any document (such as Aadhar Card. Driving License, Voter Id card, Passport) in support of the address of the member as registered with the company.
4. Members holding shares in dematerialized mode are requested to register/update their email addresses with their respective Depository Participants.

The afore-mentioned information in being issused for the information and benefit of all the members of the company and is in compliance with the MCA Circulars and the SEBI Circular.

Place : Kolkata
Date : 09.03.2022

For **Century Extrusions Limited**
Rohit Kumar
Company Secretary



**KOLKATA MUNICIPAL CORPORATION-TENDER**

Name of the Department: **Water Supply (GRWW)**. Tender invited & to be received by: **Executive Engineer, Water Supply (GRWW)**. Name of the work & location: **Repairing, overhauling, testing & commissioning with replacement of worn out & defective spare parts of H.T. Breaker No.-6 at CWPS Phase IV in GRWW Clear Water Complex**. Estimated amount: **Quotation**. Time and last date of receipt/opening of tender: **30.03.2022 at 1.00 P.M./2.00 P.M.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Water Supply (North)**. Tender invited & to be received by: **Executive Engineer, Water Supply (North)**. Name of the work: **Repairing of leakage of 450mm dia R.Main near Girish Park in Ward No.-25**. Estimated amount: ₹ **4,78,047.18**. Time and last date of receipt/opening of tender: **22.03.2022 at 12.00 Noon/12.30 P.M.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Engineering (Civil), Br-VI**. Tender invited & to be received by: **Executive Engineer (Civil), Br-VI**. Name of the work & location: **Construction of inspection PIT, S.I.P, C.P. along with drainage connection disturbed by water supply deptt. at bustee area of 32/2 Sharif Lane, 3 to 5 Ripon Square etc. in Ward No.-62**. Estimated amount: ₹ **2,91,327.91**. Time and last date of receipt/opening of tender: **22.03.2022 at 12.00 Noon/1.00 P.M.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Engineering (Civil), Br-III**. Tender invited & to be received by: **Executive Engineer (Civil), Br-III on behalf of D.G. (Bustee)**. Name of the work & location: **Improvement of bustee passage at 3/1, Ariff Road and surrounding areas in Ward No.-13, to be disturbed by laying of sewer line**. Estimated amount: ₹ **4,61,157.86**. Time and last date of receipt/opening of tender: **21.03.2022 at 12.00 Noon/12.30 P.M.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Engineering (Civil), Br-XII**. Tender invited & to be received by: **Executive Engineer (Civil), Br-XII**. Name of the work & location: **Cleaning of D.W.F. sewers at Block-B, C, K etc. of Baishnabghata-Patuli Township in Ward No.-101**. Estimated amount: ₹ **2,95,970.40**. Time and last date of receipt/opening of tender: **21.03.2022 at 12.00 Noon/1.00 P.M.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** 956/21-22